# ময়মনসিংহ সিটি কর্পোরেশন

স্থাপিতঃ২০১৮ খ্রিঃ
ময়মনসিংহ।
(রাজস্ব বিভাগ-বাজার শাখা)
www.mcc.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি।

স্মারক নং- ৪৬.২১.৬১০০.০২৪.০২.০০১.২৩-৫৪

তারিখ ঃ ৩১ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ
১৪ মে ২০২৩ খ্রিঃ

## পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে বিশেষ পশু হাট ইজারার দরপত্র আহ্বান বিজ্ঞপ্তি

(দরপত্র বিজ্ঞপ্তি নংঃ ০১-২০২২-২০২৩)

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে নিম্নবর্ণিত শর্ত মোতাবেক ময়মনসিংহ সিটি কর্পোরেশন পরিচালিত বিশেষ পশুর হাট ইজারা বন্দোবস্ত দেয়া হবে। বাংলা ১৪৩০ সনের নির্ধারিত সময়ের জন্য ইজারা নিতে ইচ্ছুক প্রার্থীগণের নিকট হতে সিলমোহরযুক্ত আবদ্ধ খামে মাত্র ০৫ (পাঁচ) দিনের জন্য দরপত্র আহবান করা যাচ্ছে। সাপ্তাহিক ও ছুটির দিন ব্যতীত প্রতিদিন অফিস চলাকালীন সময় পর্যন্ত নির্ধারিত মূল্যে দরপত্রের সিডিউল (ফরম) অফেরৎযোগ্য মূল্যে বিক্রয় করা হবে। দরপত্রসমূহ উল্লিখিত তারিখ ও সময়ে সিটি কর্পোরেশন কার্যালয়ে এবং জেলা প্রশাসকের কার্যালয়ে রক্ষিত টেন্ডার বাক্সে প্রাপ্ত দরপত্রসমূহ ঐ দিনই বেলা ৩.০০ ঘটিকার সময় উপস্থিত দরপত্র দাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) টেন্ডার বাক্স খোলা হবে।

## বিশেষ পশু হাটের বিবরণ ও ইজারার শর্তাবলী ঃ

| ক্রমিক নং | বিশেষ পশু হাটের নাম | সরকারী ইজারা মূল্য | দরপত্র মূল্য (অফেরৎ যোগ্য) | ১০০% ইজারামূল্য সহ ভ্যাট, আয়কর ও জামানতের পরিমাণ |
|---|---|---|---|---|
| ০১ | কাচারী পার্ক সংলগ্ন পশু হাট। | ৩১,৫৭,৭৪৭/- | ৭,০০০/- | ১৩০% |
| ০২ | শিকারী কান্দা পশু হাট। | ৩,৬৬,৬১৭/- | ১,৪০০/- | ১৩০% |
| ০৩ | রহমতপুর (খাগডহর ঘুন্টি) পশু হাট। | ৬,২২,২৫৫/- | ২,০০০/- | ১৩০% |
| ০৪ | আকুয়া ময়লাকান্দা পশু হাট | ৩,২৫,০০০/- | ১,৪০০/- | ১৩০% |
| ০৫ | সুতিয়াখালী বাজার (জিতেন্দ্রগঞ্জ) পশু হাট। | ১,৫১,১৭০/- | ১,০০০/- | ১৩০% |
| ০৬ | সিটির মোড় (৩১ নং ওয়ার্ড) পশু হাট | ১,২৬,৮৮২/- | ১,০০০/- | ১৩০% |

## ক্যালেন্ডারঃ

| বিবরণ | দরপত্র ফরম বিক্রয়ের তারিখ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১ম বার | ০৪-০৬-২০২৩খ্রিঃ অফিস চলাকালীন সময় পর্যন্ত | ০৫-০৬-২০২৩খ্রিঃ বেলা ২.০০ ঘটিকা পর্যন্ত | ০৫-০৬-২০২৩খ্রিঃ বেলা ৩.০০ ঘটিকা পর্যন্ত |
| ২য় বার | ১১-০৬-২০২৩খ্রিঃ অফিস চলাকালীন সময় পর্যন্ত | ১২-০৬-২০২৩খ্রিঃ বেলা ২.০০ ঘটিকা পর্যন্ত | ১২-০৬-২০২৩খ্রিঃ বেলা ৩.০০ ঘটিকা পর্যন্ত |
| ৩য় বার | ১৮-০৬-২০২৩খ্রিঃ অফিস চলাকালীন সময় পর্যন্ত | ১৯-০৬-২০২৩খ্রিঃ বেলা ২.০০ ঘটিকা পর্যন্ত | ১৯-০৬-২০২৩খ্রিঃ বেলা ৩.০০ ঘটিকা পর্যন্ত |

## শর্তাবলী ঃ

১। আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে উপরে উল্লিখিত ছক মোতাবেক বিশেষ পশু (কোরবানীর) হাট বসবে এবং উক্ত হাটগুলো ঈদের পরদিন পর্যন্ত চলবে।

২। দরপত্রের সিডিউল (ফরম) সিটি কর্পোরেশন ও জেলা প্রশাসকের কার্যালয় হতে ক্রয় করা যাবে এবং ক্রয়কৃত দরপত্রে উদ্ধৃত দর (অংকে ও কথায়) উল্লেখ করতে হবে। দরপত্রের প্রতি পৃষ্ঠায় দরপত্র দাখিলকারীকে স্বাক্ষর করতে হবে। কাটাকাটি ঘষামাজা বা লেখার উপর লেখা দরপত্র গ্রহণ করা যাবে না।

৩। দরপত্র দাতাকে প্রদত্ত দরের ১০০% ইজারামূল্যে উক্ত ইজারামূল্যের উপর ১৫% ভ্যাট ও ১০% আয়কর ও ৫% জামানতসহ ১৩০% পৃথকভাবে স্থানীয় যে কোন ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার মেয়র, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, বরাবরে দরপত্রের সাথে গেঁথে দিতে হবে। ইজারা গ্রহীতা হাট বাজার পরিস্কার-পরিচ্ছন্ন না করলে বা অন্য কোনো ক্ষতি করলে উক্ত জামানত হতে তা ব্যয় করা হবে এবং বৎসর/মেয়াদে সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাপ্রদানকারীর বরাবরে ফেরত প্রদান করা হবে।

৪। বিশেষ পশু হাটের বিদ্যুৎ, পানি স্যানিটেশন প্রভৃতির সংযোগ ও ব্যবহারের ব্যবস্থা নিজ খরচে করতে হবে।

৫। অকৃতকার্য দরপত্র দাতার দাখিলকৃত জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ফেরত দেয়া হবে। তবে সর্বোচ্চ দরপত্র দাতার দর অনুমোদন না হওয়া পর্যন্ত ২য় সর্বোচ্চ দর দাতার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমা রাখা হবে।

৬। ইজারাদার কোনক্রমেই ইজারা প্রাপ্ত হাট বা বাজার অন্যের নিকট ইজারা বা সাব-লীজ দিতে পারবেন না। যদি অনুরূপ কার্যকলাপ বা চুক্তিপত্রের কোন শর্ত লংঘন ধরা পড়ে তবে তার ইজারা বাতিল বলে গণ্য হবে এবং পুনরায় ইজারা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে।

৭। ইজারাদারকে হাট/বাজারের সর্বশেষ অনুমোদিত টোল রেইট অনুযায়ী টোল আদায় করতে হবে। টোল রেইটের তালিকা হাট/বাজারের বিভিন্ন স্থানে প্রকাশ্যে জনসাধারণের জ্ঞাতার্থে নিজ খরচে টাঙ্গিয়ে রাখতে হবে। ইজারাদার কর্তৃক হাট/বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার ব্যর্থতা, দৃশ্যমান স্থানে টোল রেইট তালিকা টাঙ্গানোর ব্যর্থতা এবং নির্ধারিত রেইট এর চেয়ে বেশি আদায় করা হলে ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ উক্ত ইজারাদারের চুক্তিপত্র বাতিল করতে পারবেন।

৮। ইজারাদারকে তার নিজ খরচে ইজারার চুক্তিপত্র হাট/বাজার নীতিমালা ২০১১ অনুযায়ী ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করে দিতে হবে। ইজারাদার সরকার/সিটি কর্পোরেশনের অনুমতি ব্যতীত হাট/বাজার ভূমিতে কোন প্রকার অবকাঠামো তৈরি, গাছপালা কর্তন, কোন প্রকার ক্ষতিসাধন, সীমানা সংকোচন ইত্যাদি করতে পারবেন না।

৯। বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার বিভাগের সর্বশেষ জারীকৃত সরকারী হাট/বাজার ইজারা পদ্ধতি এবং ব্যবস্থাপনা সংক্রান্ত নীতিমালা মেনে চলতে ইজারাদার সার্বক্ষণিকভাবে বাধ্য থাকবেন।

১০। ইজারাদার নিজ খরচে ইজারা প্রাপ্ত হাট/বাজারের একটি পরিদর্শন বহি সংরক্ষণ করবেন।

১১। প্রতিটি পশুহাটের জন্য আলাদা আলাদা দরপত্র দাখিল করতে হবে। এক হাট/বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট/বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফার অন্তর্ভূক্ত হাট/বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র দাখিলকারী/প্রতিষ্ঠানের নামে অত্র সিটি কর্পোরেশনের হাল সনের ট্রেড লাইসেন্সের সত্যায়িত কপি, আয়কর রির্টানের সার্টিফিকেট দরপত্রের সাথে সংযুক্ত করে দিতে হবে।

১২। কোন কারণে হাট/বাজারের সীমানা বর্ধন বা সংকোচন ঘটলে ইজারা প্রদানকারী কর্তৃপক্ষের নিকট কোন প্রকার আপত্তি চলবে না, এছাড়া প্রাকৃতিক দুর্যোগে বা কর্তৃপক্ষের নিয়ন্ত্রণ বহির্ভূত অন্যকোন কারণে ইজারাদারের টোল আদায় ব্যাহত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

১৩। দূর দূরান্ত থেকে আগত পাইকারদের জান মালের নিরাপত্তা বিধানসহ সামাজিক দূরত্ব নিশ্চিত করতে হবে।

১৪। করোনা ভাইরাস প্রতিরোধে বাজারে আগত ক্রেতা বিক্রেতাদের মাস্ক ব্যবহার নিশ্চিত করতে হবে এবং হ্যান্ড স্যানিটাইজার ও সাবানপানি দিয়ে হাত ধোয়ার পর্যাপ্ত ব্যবস্থা রাখতে হবে।

১৫। কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৪/০৫/২০

(মোঃ আরিফুর রহমান)
প্রধান রাজস্ব কর্মকর্তা
ময়মনসিংহ সিটি কর্পোরেশন
ময়মনসিংহ।

১৪-০৫-২০২০

**সদয় জ্ঞাতার্থে অনুলিপি ঃ**

০১। মাননীয় মেয়র, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।
০২। প্যানেল মেয়র ১,২,৩, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।
০৩। কাউন্সিলর/সংরক্ষিত আসনের কাউন্সিলর (সকল), ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।
০৪। সভাপতি, হাট-বাজার ব্যবস্থাপনা সংক্রান্ত স্থায়ী কমিটি, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।

**সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ-**

০১। প্রধান নির্বাহী কর্মকর্তা, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।
০২। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
০৩। পুলিশ সুপার, ময়মনসিংহ।
০৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ময়মনসিংহ।
০৫। সচিব, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।
০৬। অধিনায়ক, র‌্যাব-১৪, ময়মনসিংহ।
০৭। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, ময়মনসিংহ।
০৮। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপদ বিভাগ, ময়মনসিংহ।
০৯। বিভাগীয় প্রধান (সকল), ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।
১০। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সদর, ময়মনসিংহ।
১১। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ময়মনসিংহ।
১২। বিভাগীয় কমিশনারের একান্ত সচিব। ইহা বিভাগীয় কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য।
১৩। ষ্টাফ অফিসার টু ডিআইজি, ময়মনসিংহ রেঞ্জ, ময়মনসিংহ (ডিআইজি মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৪। সহকারী কমিশনার (ভূমি), সদর, ময়মনসিংহ।
১৫। জনসংযোগ কর্মকর্তা, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ (১টি জাতীয় ও ২টি স্থানীয় পত্রিকায় প্রচারের অনুরোধ সহ)।
১৬। জেলা খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ।
১৭। সাবরেজিষ্ট্রার, সদর, ময়মনসিংহ।
১৮। বিগত তিন বৎসরের ইজারাদারগণ।

**প্রচার ও সংরক্ষণার্থে ঃ**

১৯। নোটিশ বোর্ড/www.mcc.gov.bd ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।
২০। সংশ্লিষ্ট নথি।